

## 🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬: ২৫

আরবি মূল আয়াত:

## لَا يَسمَعُونَ فِيهَا لَغوًا وَّ لَا تَاثِيمًا ﴿٢٥﴾

## 

তারা সেখানে শুনতে পাবে না কোন বেহুদা কথা, এবং না পাপের কথা; — আল-বায়ান সেখানে তারা শুনবে না কোন অনর্থক কথাবার্তা, আর পাপের বুলি, — তাইসিরুল সেখানে তারা শুনবেনা কোন অসার অথবা পাপ বাক্য, — মুজিবুর রহমান

They will not hear therein ill speech or commission of sin - — Sahih International

## ২৫. সেখানে তারা শুনবে না কোন আসার বা পাপবাক্য(১),

(১) এটি জান্নাতের বড় বড় নিয়ামতের একটি। এসব নিয়ামত সম্পর্কে কুরআন মজীদের কয়েকটি স্থানে বর্ণনা করা হয়েছে যে, মানুষের কান সেখানে কোন অনর্থক ও বাজে কথা, মিথ্যা, গীবত, চোগলখুরী, অপবাদ, গালি, অহংকার ও বাজে গালগল্প বিদ্রুপ ও উপহাস, তিরস্কার ও বদনামমূলক কথাবার্তা শোনা থেকে রক্ষা পাবে। [যেমনঃ আল-গাশিয়াহঃ ১১, মার্ইয়ামঃ ৬২]

তাফসীরে জাকারিয়া

(২৫) তারা শুনবে না কোন অসার অথবা পাপবাক্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5004

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন